গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল

# পরিদর্শন প্রতিবেদন

পরিদর্শনকারী কর্মকর্তাগণের নাম:

জনাব মো. খলিলুর রহমান, যুগ্মসচিব ও সমন্বয়কারী, জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল

জনাব আমিনুল ইসলাম, প্রোগ্রাম অফিসার, জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল

পরিদর্শনের তারিখ: ০৪ নভেম্বর ২০১৮

গত ০৪ নভেম্বর ২০১৮ তারিখ, বিকাল ৩ টা থেকে সন্ধ্যা ৬.৩০ মিনিট সময়কালে জনাব খলিলুর রহমান, সমন্বয়কারী (যুগ্মসচিব), জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল বরিশাল শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ পাবলিক প্লেস পরিদর্শন করেন। এ সময়কালে ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন ২০০৫ (২০১৩ সালে সংশোধিত) এবং ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০১৫ বাস্তবায়ন অগ্রগতি সরেজমিন পরিদর্শন করেন। এ সময় তাঁর সঙ্গে ডা. শ্যামল কৃষ্ণ হাওলাদার, সিভিল সার্জন, ঝালকাঠি উপস্থিত ছিলেন। এছাড়া ঝালকাঠি জেলা প্রশাসকের কার্যালয়ে বিকালে জেলা প্রশাসক, ঝালকাঠি ও সিভিল সার্জন, ঝালকাঠি এর সঙ্গে আইন বাস্তবায়ন বিষয়ে আলোচনা করা হয়। জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেলের প্রোগ্রাম অফিসার আমিনুল ইসলাম সার্বক্ষণিক সমন্বয়কারীর সঙ্গে এসব পরিদর্শনে ও আলোচনায় উপস্থিত থেকে আলোকচিত্র গ্রহণ ও তথ্য লিপিবদ্ধ করেন।

পরিদর্শনকৃত স্থানসমূহ: (১) জেলা প্রশাসকের কার্যালয়, ঝালকাঠি (২) সার্কিট হাউজ, ঝালকাঠি, (৩) ঝালকাঠি সদর লঞ্চ টার্মিনাল ইত্যাদি।

জেলা প্রশাসক, ঝালকাঠি ও সিভিল সার্জন, ঝালকাঠি এর সঙ্গে সভা



বিকাল ৪টায় জেলা প্রশাসকের দপ্তরে জেলা প্রশাসক, ঝালকাঠি ও সিভিল সার্জন, ঝালকাঠি'র সঙ্গে তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন ও টাস্কফোর্স কমিটি সক্রিয়করণ বিষয়ে আলোচনা করা হয়।

জনাব মো. খলিলুর রহমান, সমন্বয়কারী, এনটিসিসি প্রতি মাসে অন্তত একটি মোবাইল কোর্ট তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে পরিচালনার জন্য জেলা প্রশাসক-কে অনুরোধ করেন। একই সঙ্গে ঝালকাঠি জেলার আওতাধীন অন্যান্য উপজেলাসমূহে তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট পরিচালনার জন্য উপজেলা নির্বাহী কর্মকর্তাদের নির্দেশনা প্রদান ও মনিটরিংয়ের অনুরোধ করেন। এসব মোবাইল কোর্টে প্রতিবেদন এনটিসিসি-তে প্রেরণ সম্পর্কেও অবহিত করেন।

জনাব মো. হামিদুল হক, জেলা প্রশাসক, ঝালকাঠি জানান যে, ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন ২০০৫ (২০১৩ সালে সংশোধিত) বাস্তবায়নে পদক্ষেপ গ্রহণ করা হবে। পাশাপাশি উপজেলা নির্বাহী কর্মকর্তাদেরও নির্দেশনা প্রদান করা হবে।

ডাঃ শ্যামল কৃষ্ণ হাওলাদার, সিভিল সার্জন, ঝালকাঠি জানান, টাস্কফোর্স কমিটির সভা আয়োজনে পদক্ষেপ গ্রহণ করা হবে। এছাড়া আইন মনিটরিংয়ের জন্য অন্যান্য সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের সঙ্গে সমন্বয় করা হবে।

(১) জেলা প্রশাসকের কার্যালয়, ঝালকাঠি

আইন অনুযায়ী জেলা প্রশাসকের কার্যালয়, ঝালকাঠি পাবলিক প্লেস ও ধূমপানমুক্ত এবং ধূমপানমুক্ত স্থান হিসাবে বিভিন্ন স্থানে নো-স্মোকিং সাইনেজ বিদ্যমান থাকা বাঞ্চনীয়। পরিদর্শনকালে:

(১) কাউকে ধূমপান করতে দেখা যায়নি, যা ইতিবাচক দিক। কাগজে লেখা নো-স্মোকিং সাইনেজ লক্ষ্য করা গেছে। তবে আইন অনুযায়ী নো স্মোকিং সাইনেজ ছিল না।

(২) ভবনের অভ্যন্তরে তামাকের বিক্রয়কেন্দ্র ছিল না।

সুপারিশ: আইন অনুযায়ী নো স্মোকিং সাইনেজ লাগানোর বিষয়টি জেলা প্রশাসক, ঝালকাঠি-কে জানানো যেতে পারে।

(২) সার্কিট হাউজ, ঝালকাঠি

আইন অনুযায়ী সার্কিট হাউজ, ঝালকাঠি পাবলিক প্লেস ও ধূমপানমুক্ত এবং ধূমপানমুক্ত স্থান হিসাবে বিভিন্ন স্থানে নো-স্মোকিং সাইনেজ বিদ্যমান থাকা বাঞ্চনীয়। পরিদর্শনকালে:

(১) কাউকে ধূমপান করতে দেখা যায়নি, যা ইতিবাচক দিক। কাগজে লেখা নো-স্মোকিং সাইনেজ লক্ষ্য করা গেছে। তবে আইন অনুযায়ী নো স্মোকিং সাইনেজ ছিল না।

(২) ভবনের অভ্যন্তরে তামাকের বিক্রয়কেন্দ্র ছিল না।

সুপারিশ: আইন অনুযায়ী নো স্মোকিং সাইনেজ লাগানোর বিষয়টি জেলা প্রশাসক, ঝালকাঠি-কে জানানো যেতে পারে।

(৩) ঝালকাঠি সদর লঞ্চ টার্মিনাল

আইন অনুযায়ী লঞ্চ টার্মিনাল পাবলিক প্লেস ও ধূমপানমুক্ত এবং ধূমপানমুক্ত স্থান হিসাবে টার্মিনালের বিভিন্ন স্থানে নো-স্মোকিং সাইনেজ বিদ্যমান থাকা বাঞ্চনীয়। কিন্তু পরিদর্শনকালে দেখা যায়:

(১) আইন অনুযায়ী কোন নো-স্মোকিং সাইনেজ দেখা যায়নি।

(২) টার্মিনালে অনেককে ধূমপান করতে দেখা গেছে। এতে অধূমপায়ীরা পরোক্ষ ধূমপানের শিকার হচ্ছে।

(৩) টার্মিনালের পল্টুনে অনেককে তামাকের বিক্রয়কেন্দ্র দৃশ্যমান। যেখানে লোকজন সিগারেট কিনছে ও ধূমপান করছে। এতে অধূমপায়ী যাত্রীরা পরোক্ষ ধূমপানের শিকার হচ্ছে।

**সুপারিশ:** আইন অনুযায়ী লঞ্চ টার্মিনাল ধূমপানমুক্ত রাখার লক্ষ্যে টার্মিনালের সকল প্রবেশ/বহির্গমণ পথ, পল্টুনের বিভিন্ন স্থানে ধূমপানমুক্ত সাইনেজ স্থাপন করা এবং পল্টুনে তামাকজাত দ্রব্যের বিক্রয় বন্ধের জন্য ঝালকাঠি সদর লঞ্চ টার্মিনাল বরাবর বরাবর পত্র প্রদান করা যেতে পারে। এর অনুলিপি বিআইডব্লিউটিএ, সংশ্লিষ্ট স্থানীয় সরকারি ও বেসরকারি সংস্থাকে প্রদান করা যেতে পারে।

প্রতিবেদন প্রণয়নকারীর স্বাক্ষর